The Financial Express
MONDAY, 07 MARCH 2026

# DCCI calls for policy-rate cut

FE REPORT

The Dhaka Chamber of Commerce and Industry (DCCI) on Sunday urged the government to take steps for strengthening the country's financial sector to help support economic recovery and boost private investment.

The chamber president, Taskeen Ahmed, has made the appeal while meeting with Finance and Planning Minister Amir Khosru Mahmud Chowdhury at the latter's Secretariat office in Dhaka.

During the meeting, the DCCI president stressed the need for a gradual reduction in the policy rate to help ease lending rates and stimulate private-sector investment.

He also suggested reconsidering the loan-rescheduling facility for genuine or unintentional defaulters by extending the loan classification period.

The New Nation
MONDAY, 07 MARCH 2026

# Private sector key to growth, govt prioritising investment

## Finance Minister

### DCCI proposes robust financial reforms to boost private investment

**Business Report**

[illegible]



**The government is working to make the capital market more vibrant and the central bank more private sector-oriented through different initiatives.**

**Amir Khasru**
Finance and Planning Minister

[illegible]

প্রথম আলো
সোমবার, ০৯ মার্চ ২০২৬

## অর্থমন্ত্রী–ঢাকা চেম্বার বৈঠক

# ব্যাংকঋণের সুদহার কমিয়ে আনার প্রস্তাব

**নিজস্ব প্রতিবেদক,** *ঢাকা*

অর্থমন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করে ঋণের সুদের হার কমিয়ে আনা এবং বেসরকারি খাতে বিনিয়োগ বাড়াতে নীতি সুদহার ধীরে ধীরে কমানোর প্রস্তাব দিয়েছেন ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ।

গতকাল রোববার সচিবালয়ে অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরীর সঙ্গে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ। এ সময় উপস্থিত ছিলেন ঢাকা চেম্বারের ঊর্ধ্বতন সহসভাপতি রাজিব এইচ চৌধুরী, সহসভাপতি মো. সালিম সোলায়মান প্রমুখ। ঢাকা চেম্বারের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বিষয়টি জানানো হয়।

প্রকৃত (অনিচ্ছাকৃত) ঋণখেলাপিদের জন্য ঋণ পুনঃতফসিল–সুবিধা পুনর্বিবেচনার আহ্বান জানিয়ে ঋণ শ্রেণিকরণের সময়সীমা বৃদ্ধির প্রস্তাব করেন ঢাকা চেম্বারের সভাপতি। তিনি বলেন, মুদ্রানীতি, রাজস্বনীতি ও কাঠামোগত সংস্কারের সমন্বিত প্রয়োগের মাধ্যমে বাংলাদেশ বিনিয়োগকারীদের আস্থা পুনরুদ্ধার, আর্থিক খাতের স্থিতিশীলতা জোরদার এবং অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন ত্বরান্বিত করতে সক্ষম হবে।

অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরী আশ্বাস দিয়ে বলেন, বর্তমান সরকার বাণিজ্য, ব্যবসা, বিনিয়োগ ও শিল্প খাতকে সর্বোচ্চ অগ্রাধিকার দেবে, কারণ দেশের অর্থনীতিতে বেসরকারি খাতের অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি জানান, পুঁজিবাজারকে গতিশীল ও কার্যকর এবং কেন্দ্রীয় ব্যাংককে আরও বেশি বেসরকারি খাতমুখী করতে সরকার বিভিন্ন উদ্যোগ গ্রহণ করছে।

কালের কণ্ঠ

সোমবার, ০৯ মার্চ ২০২৬

# নীতি সুদের হার কমানোর প্রস্তাব

**নিজস্ব প্রতিবেদক ▷**

বেসরকারি খাতে বিনিয়োগ বৃদ্ধি ও ব্যবসা-বাণিজ্যের গতি বাড়াতে ঋণের সুদের হার কমানো এবং নীতি সুদের হার ধীরে ধীরে কমানোর প্রস্তাব দিয়েছেন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)-এর সভাপতি তাসকীন আহমেদ। গতকাল রবিবার বাংলাদেশ সচিবালয়ে অর্থ ও পরিকল্পনা মন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে তিনি এ প্রস্তাব দেন। এ সময় তাসকীন আহমেদ বলেন, প্রকৃত বা অনিচ্ছাকৃত ঋণখেলাপিদের জন্য ঋণ পুনঃতফসিল সুবিধা পুনর্বিবেচনা করা প্রয়োজন। পাশাপাশি ঋণ শ্রেণীকরণের সময়সীমা বাড়ানোর বিষয়টিও বিবেচনা করা যেতে পারে।



অর্থমন্ত্রীর সঙ্গে ডিসিসিআই সভাপতির সাক্ষাৎ

তিনি বলেন, মুদ্রানীতি, রাজস্বনীতি এবং কাঠামোগত সংস্কারের সমন্বিত প্রয়োগের মাধ্যমে বাংলাদেশ বিনিয়োগকারীদের আস্থা পুনরুদ্ধার, আর্থিক খাতের স্থিতিশীলতা জোরদার এবং অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করতে সক্ষম হবে। সাক্ষাৎকালে তাসকীন আহমেদ আরো বলেন, উন্নত অর্থনীতির লক্ষ্য অর্জনে একটি শক্তিশালী ও কার্যকর আর্থিক খাত গড়ে তোলা অত্যন্ত জরুরি। এ জন্য ব্যাংকিং খাতের সংস্কার, বিনিয়োগবান্ধব নীতি এবং ব্যবসা-বাণিজ্যের অনুকূল পরিবেশ নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করেন তিনি।

এর বিপরীতে আমীর খসরু মাহমুদ চৌধুরী বলেন, দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির প্রধান চালিকাশক্তি হলো বেসরকারি খাত। তিনি আশ্বাস দিয়ে বলেন, বর্তমান সরকার বাণিজ্য, ব্যবসা, বিনিয়োগ এবং শিল্প খাতকে সর্বোচ্চ অগ্রাধিকার দেবে। কারণ দেশের অর্থনীতিতে বেসরকারি খাতের অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ।

তিনি আরো জানান, পুঁজিবাজারকে আরো গতিশীল ও কার্যকর করতে এবং কেন্দ্রীয় ব্যাংককে আরো বেশি বেসরকারি খাতমুখী করতে সরকার বিভিন্ন উদ্যোগ গ্রহণ করছে। এ ছাড়া বেসরকারি খাতে ঋণপ্রবাহ সহজ করা এবং বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে ঋণপ্রবাহ বাড়ানোও সরকারের অগ্রাধিকারগুলোর মধ্যে রয়েছে বলে তিনি উল্লেখ করেন।

দৈনিক ইত্তেফাক
প্রতিষ্ঠাতা: তফাজ্জল হোসেন মানিক মিয়া
সোমবার, ০৯ মার্চ ২০২৬

# বিনিয়োগ বাড়াতে নীতি সুদ হার কমানোর প্রস্তাব

■ ইত্তেফাক রিপোর্ট

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)-এর সভাপতি তাসকীন আহমেদ গতকাল সচিবালয়ে অর্থ ও পরিকল্পনা মন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে তাসকীন আহমেদ ঋণের সুদের হার কমিয়ে আনা এবং বেসরকারি খাতে বিনিয়োগ বাড়াতে নীতি সুদের হার ধীরে ধীরে কমানোর প্রস্তাব দেন। তিনি প্রকৃত (অনিচ্ছাকৃত) ঋণখেলাপিদের জন্য ঋণ পুনঃতপশিল সুবিধা পুনর্বিবেচনার আহ্বান জানান এবং ঋণ শ্রেণীকরণের সময়সীমা বৃদ্ধি করার প্রস্তাব করেন। তিনি বলেন, মুদ্রানীতি, রাজস্বনীতি এবং কাঠামোগত সংস্কারের সমন্বিত প্রয়োগের মাধ্যমে বাংলাদেশ বিনিয়োগকারীদের আস্থা পুনরুদ্ধার, আর্থিক খাতের স্থিতিশীলতা জোরদার এবং অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন ত্বরান্বিত করতে সক্ষম হবে।

তাসকীন আহমেদের বক্তব্যের জবাবে অর্থ ও পরিকল্পনা মন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী বলেন, দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির প্রধান চালিকাশক্তি হলো বেসরকারি খাত। তিনি আশ্বাস প্রদান করেন যে, বর্তমান সরকার বাণিজ্য, ব্যবসা, বিনিয়োগ এবং শিল্প খাতকে সর্বোচ্চ অগ্রাধিকার দেবে, কারণ দেশের অর্থনীতিতে বেসরকারি খাতের অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি আরো জানান, পুঁজিবাজারকে গতিশীল ও কার্যকর করতে এবং কেন্দ্রীয় ব্যাংককে আরো বেশি বেসরকারি খাতমুখী করতে সরকার বিভিন্ন উদ্যোগ গ্রহণ করছে। এছাড়াও বেসরকারিখাতে ঋণপ্রবাহ সহজ করা এবং বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে ঋণপ্রবাহ বাড়ানোও সরকারের অগ্রাধিকারগুলোর মধ্যে রয়েছে বলে তিনি মত প্রকাশ করেন।

দেশ রূপান্তর

সোমবার, ০৯ মার্চ ২০২৬

## অর্থমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ

# সুদহার কমানোর প্রস্তাব ঢাকা চেম্বারের

**নিজস্ব প্রতিবেদক**

বেসরকারি খাতে বিনিয়োগ বাড়াতে নীতি সুদের হার ধীরে ধীরে কমানোর প্রস্তাব দিয়েছেন, ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)-এর সভাপতি তাসকীন আহমেদ। গতকাল রবিবার সচিবালয়ে অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরী, এমপির সঙ্গে সৌজন্য সাক্ষাতে তিনি এ প্রস্তাব দেন। তিনি প্রকৃত (অনিচ্ছাকৃত) ঋণখেলাপিদের জন্য ঋণ পুনঃতফসিল সুবিধা পুনর্বিবেচনার আহ্বান জানান এবং ঋণ শ্রেণিকরণের সময়সীমা বৃদ্ধি করার প্রস্তাব করেন। তিনি বলেন, মুদ্রানীতি, রাজস্বনীতি এবং কাঠামোগত সংস্কারের সমন্বিত প্রয়োগের মাধ্যমে বাংলাদেশ বিনিয়োগকারীদের আস্থা পুনরুদ্ধার, আর্থিক খাতের স্থিতিশীলতা জোরদার এবং অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন ত্বরান্বিত করতে সক্ষম হবে।

তাসকীন আহমেদের বক্তব্যের জবাবে অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরী বলেন, দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির প্রধান চালিকাশক্তি হলো বেসরকারি খাত। তিনি আশ্বাস প্রদান করেন, বর্তমান সরকার বাণিজ্য, ব্যবসা, বিনিয়োগ এবং শিল্প খাতকে সর্বোচ্চ অগ্রাধিকার দেবে, কারণ দেশের অর্থনীতিতে বেসরকারি খাতের অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি আরও জানান, পুঁজিবাজারকে গতিশীল ও কার্যকর করতে এবং কেন্দ্রীয় ব্যাংককে আরও বেশি বেসরকারি খাতমুখী করতে সরকার বিভিন্ন উদ্যোগ গ্রহণ করছে। এ ছাড়াও বেসরকারি খাতে ঋণপ্রবাহ সহজ করা এবং বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে ঋণপ্রবাহ বাড়ানোও সরকারের অগ্রাধিকারগুলোর মধ্যে রয়েছে বলে তিনি মত প্রকাশ করেন।

দেশ রূপান্তর

# দৈনিক বাংলা

সোমবার, ০৯ মার্চ ২০২৬



# বেসরকারি খাতে বিনিয়োগ ও নীতি সংস্কার নিয়ে অর্থমন্ত্রীর সঙ্গে ডিসিসিআই সভাপতির বৈঠক

দৈনিক বাংলা

**বাণিজ্য ডেস্ক**

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)-এর সভাপতি তাসকীন আহমেদ সম্প্রতি অর্থ ও পরিকল্পনা মন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর সঙ্গে এক সৌজন্য সাক্ষাতে মিলিত হন। আজ রবিবার সচিবালয়ে মন্ত্রীর কার্যালয়ে এই আনুষ্ঠানিক বৈঠকটি অনুষ্ঠিত হয়। আলোচনায় ডিসিসিআই সভাপতি ঋণের সুদের হার কমিয়ে আনার পাশাপাশি বেসরকারি খাতে বিনিয়োগ উৎসাহিত করতে নীতি সুদের হার ক্রমান্বয়ে হ্রাসের প্রস্তাব তুলে ধরেন। এছাড়া তিনি প্রকৃত বা অনিচ্ছাকৃত ঋণখেলাপিদের সহায়তায় ঋণ পুনঃতফসিল সুবিধা পুনর্বিবেচনা এবং শ্রেণিকরণের সময়সীমা বাড়ানোর আহ্বান জানান।

বৈঠকে তাসকীন আহমেদ বলেন, 'মুদ্রানীতি, রাজস্বনীতি এবং কাঠামোগত সংস্কারের সমন্বিত প্রয়োগের মাধ্যমে বাংলাদেশ বিনিয়োগকারীদের আস্থা পুনরুদ্ধার, আর্থিক খাতের স্থিতিশীলতা জোরদার এবং অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন ত্বরান্বিত করতে সক্ষম হবে।' ঢাকা চেম্বারের এই প্রস্তাবনাগুলোর বিপরীতে অর্থ ও পরিকল্পনা মন্ত্রী মন্তব্য করেন যে, দেশের প্রবৃদ্ধির মূল ভিত্তি হলো বেসরকারি খাত। বর্তমান সরকার শিল্প, ব্যবসা ও বিনিয়োগকে শীর্ষ অগ্রাধিকার দিচ্ছে কারণ অর্থনৈতিক অগ্রগতিতে এ খাতের ভূমিকা অনস্বীকার্য। মন্ত্রী আরও উল্লেখ করেন, পুঁজিবাজারকে শক্তিশালী করা এবং কেন্দ্রীয় ব্যাংককে আরও বেশি ব্যবসাবান্ধব হিসেবে গড়ে তুলতে কাজ করছে সরকার। বেসরকারি খাতে ঋণের জোগান বাড়ানোও সরকারের অন্যতম লক্ষ্য বলে তিনি অভিমত প্রকাশ করেন। উক্ত বৈঠকে ডিসিসিআই-এর ঊর্ধ্বতন সহ-সভাপতি রাজিব এইচ চৌধুরী এবং সহ-সভাপতি সালিম সোলায়মান উপস্থিত ছিলেন।

আমরা জনগণের পক্ষে
বাংলাদেশ প্রতিদিন

# অর্থ ও পরিকল্পনা মন্ত্রী আমির খসরুর সঙ্গে ঢাকা চেম্বারের সভাপতির সাক্ষাৎ

নিজস্ব প্রতিবেদক

অনলাইন ভার্সন



অর্থ ও পরিকল্পনা মন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)-এর সভাপতি তাসকীন আহমেদ।

আজ রবিবার সচিবালয়ে মন্ত্রীর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন তিনি।

সাক্ষাৎকালে তাসকীন আহমেদ ঋণের সুদের হার কমিয়ে আনা এবং বেসরকারি খাতে বিনিয়োগ বাড়াতে নীতি সুদের হার ধীরে ধীরে কমানোর প্রস্তাব দেন। তিনি প্রকৃত (অনিচ্ছাকৃত) ঋণখেলাপিদের জন্য ঋণ পুনঃতফসিল সুবিধা পুনর্বিবেচনার আহ্বান জানান এবং ঋণ শ্রেণিকরণের সময়সীমা বৃদ্ধি করার প্রস্তাব করেন।

তিনি বলেন, মুদ্রানীতি, রাজস্বনীতি এবং কাঠামোগত সংস্কারের সমন্বিত প্রয়োগের মাধ্যমে বাংলাদেশ বিনিয়োগকারীদের আস্থা পুনরুদ্ধার, আর্থিক খাতের স্থিতিশীলতা জোরদার এবং অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন ত্বরান্বিত করতে সক্ষম হবে।

তাসকীন আহমেদের বক্তব্যের জবাবে অর্থ ও পরিকল্পনা মন্ত্রী বলেন, দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির প্রধান চালিকাশক্তি হলো বেসরকারিখাত। তিনি আশ্বাস প্রদান করেন যে, বর্তমান সরকার বাণিজ্য, ব্যবসা, বিনিয়োগ এবং শিল্পখাতকে সর্বোচ্চ অগ্রাধিকার দেবে, কারণ দেশের অর্থনীতিতে বেসরকারিখাতের অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ।

তিনি আরও জানান, পুঁজিবাজারকে গতিশীল ও কার্যকর করতে এবং কেন্দ্রীয় ব্যাংককে আরও বেশি বেসরকারিখাতমুখী করতে সরকার বিভিন্ন উদ্যোগ গ্রহণ করছে। এছাড়াও বেসরকারিখাতে ঋণপ্রবাহ সহজ করা এবং বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে ঋণপ্রবাহ বাড়ানোও সরকারের অগ্রাধিকারগুলোর মধ্যে রয়েছে বলে তিনি মত প্রকাশ করেন।

এসময় ডিসিসিআই'র উর্ধ্বতন সহ-সভাপতি রাজিব এইচ চৌধুরী, সহ-সভাপতি সালিম সোলায়মান উপস্থিত ছিলেন।

# DCCI proposes robust financial reforms to boost private investment

DHAKA, March 8, 2026 (BSS) - Dhaka Chamber of Commerce and Industry (DCCI) today called for a series of robust financial reforms to boost private investment.

DCCI President Taskeen Ahmed made the call while meeting with Minister for Finance and Planning Amir Khasru Mahmud Chowdhury at the Ministry of Finance in the city, said a press release here.

The discussions focused on bolstering financial stability and creating a more favourable environment for private sector growth to strengthen the national economy.

During the meeting, Amir Khosru Mahmud Chowdhury characterized the private sector as the primary engine of the nation's economic growth.

He assured the DCCI delegation that the present government views trade, commerce, and investment as high-priority sectors, given that the national economy is mostly contributed to by the private sector.

The Minister highlighted ongoing efforts to develop a more vibrant capital market to provide diverse funding options for businesses.

He further noted that the government is undertaking various initiatives to make the Central Bank more private sector-oriented, ensuring that financial regulations are aligned with the needs of the business community.

Prioritizing the accessibility of capital, the Minister emphasized the government's commitment to easing lending processes for the private sector.

He underscored that enhancing credit flow remains a top priority for the administration to ensure robust and sustainable private investment across the country.

In his speech, Taskeen Ahmed presented several key recommendations aimed at revitalizing the country's financial landscape and easing the burden on businesses.

He specifically advocated for a gradual reduction in the policy rate to effectively lower lending costs and stimulate increased private sector investment.

The DCCI President also proposed reconsidering loan rescheduling facilities specifically for genuine defaulters by extending existing classification periods, ensuring that honest businesses facing temporary hardships are distinguished from willful defaulters and provided the necessary breathing room to recover.

Emphasizing the need for a holistic strategy, Ahmed noted that a coordinated approach is essential for the nation's economic trajectory.

"Through a coordinated approach to monetary, fiscal and structural reforms, Bangladesh can restore investor confidence, strengthen financial stability, and accelerate inclusive development," he stated.

He further assured the Minister of the business community's full support in implementing these essential reform initiatives.

The meeting was also attended by DCCI Senior Vice President Razeev H Chowdhury and Vice President Md. Salem Sulaiman.

bdnews24.com

# অর্থমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ: সুদহার কমানোর আহ্বান ঢাকা চেম্বারের

*নীতিসুদ হার আগের মতই ১০ শতাংশে রেখে জানুয়ারি-জুন সময়ের মুদ্রানীতি ঘোষণা করে গেছেন আহসান মনসুর।*



অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর সঙ্গে সাক্ষাৎ করে বেসরকারি খাতে বিনিয়োগ বাড়াতে নীতি সুদহার ধীরে ধীরে কমানোর আহ্বান জানিয়েছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)।

রোববার সচিবালয়ে অর্থমন্ত্রীর দপ্তরে তার সঙ্গে ঢাকা চেম্বারের নেতারা সাক্ষাৎ করেন বলে চেম্বারের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

ঢাকা চেম্বারের বিজ্ঞপ্তিতে বলা হয়, সাক্ষাতের সময় চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ প্রকৃত (অনিচ্ছাকৃত) ঋণ খেলাপিদের জন্য ঋণ পুনঃতফসিল সুবিধা পুনর্বিবেচনার আহ্বান জানান এবং ঋণ শ্রেণিকরণের সময়সীমা বৃদ্ধির আহ্বান জানান।

তিনি বলেন, "মুদ্রানীতি, রাজস্বনীতি এবং কাঠামোগত সংস্কারের সমন্বিত প্রয়োগের মাধ্যমে বাংলাদেশ বিনিয়োগকারীদের আস্থা পুনরুদ্ধার, আর্থিক খাতের স্থিতিশীলতা জোরদার এবং অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন ত্বরান্বিত করতে সক্ষম হবে।"

অর্থমন্ত্রীকে উদ্ধৃত করে ডিসিসিআই বলেছে, "আমির খসরু মাহমুদ চৌধুরী বলেন, দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির প্রধান চালিকাশক্তি হলো বেসরকারি খাত।

"তিনি আশ্বাস প্রদান করেন যে, বর্তমান সরকার বাণিজ্য, ব্যবসা, বিনিয়োগ এবং শিল্প খাতকে সর্বোচ্চ অগ্রাধিকার দেবে, কারণ দেশের অর্থনীতিতে বেসরকারি খাতের অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ।"

আমির খসরু বলেছেন, পুঁজিবাজারকে গতিশীল ও কার্যকর করতে এবং কেন্দ্রীয় ব্যাংককে আরও বেশি বেসরকারি খাতমুখী করতে সরকার বিভিন্ন উদ্যোগ গ্রহণ করছে।

এছাড়াও বেসরকারি খাতে ঋণপ্রবাহ সহজ করা এবং বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে ঋণপ্রবাহ বাড়ানোও সরকারের অগ্রাধিকারগুলোর মধ্যে রয়েছে বলে তিনি মত প্রকাশ করেন।

অথমন্ত্রীর সঙ্গে সাক্ষাতের সময় ঢাকা চেম্বারের জেষ্ঠ্য সহ-সভাপতি রাজিব এইচ চৌধুরী, সহ-সভাপতি মো. সালিম সোলায়মান উপস্থিত ছিলেন।